

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি মাধ্যমিক-২ শাখা  
www.shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)- ২৭৪

তারিখ: ২২ মাঘ, ১৪৩০  
০৫ ফেব্রুয়ারি, ২০২৪

বিষয়: ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা সুষ্ঠু, সুশৃঙ্খল ও সুন্দর পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে গণসচেতনতা সৃষ্টি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ বৃহস্পতিবার থেকে অনুষ্ঠেয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা সুষ্ঠু, সুশৃঙ্খল ও সুন্দর পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীগণ যাতে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার হলে আসন গ্রহণ করে ও কোন প্রকার ইলেকট্রনিক্স ডিভাইস অথবা নকল নিয়ে পরীক্ষা কেন্দ্রে না আসে এবং সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন মাধ্যমে প্রশ্নপত্র পাওয়ার চেষ্টা না করে সে বিষয়ে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উক্ত পাবলিক পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক সহযোগিতা প্রদানের আহ্বানসহ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস সম্পর্কিত গুজব/ঘটনা, নকল/অসদুপায় অবলম্বনের কুফল এবং এ কাজে সংশ্লিষ্ট হওয়ার বিষয়ে পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি আইন, ২০০৬ এবং সাইবার নিরাপত্তা আইন, ২০২৩-এ বর্ণিত শাস্তি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টির নিমিত্ত শিক্ষাবোর্ডসমূহের উদ্যোগে গণমাধ্যমে ও অন্যান্য পন্থায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী  
উপসচিব  
ফোন: ০২-২২৩৩৫৬৭৮০  
ইমেইল: govt.sec2@moedu.gov.bd


০১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ  
০২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)- ২৭৪

তারিখ: ২২ মাঘ, ১৪৩০  
০৫ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জেলা প্রশাসক ..... (সকল) জেলা
০২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৫. ~~সিস্টেম এনালিস্ট~~ সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।)
০৬. যুগ্মসচিব (মাধ্যমিক-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

  
সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী  
উপসচিব